দৈনিক ইনকিলাব

তারিখ ... 28 JUN 1997
পৃষ্ঠা ১১ কলাম ৩

০৭

লক্ষাধিক টাকার মালামাল বিনষ্ট

# ইসলামী বিশ্ববিদ্যালয় ভিসির কার্যালয়ে ছাত্রলীগের ভাঙচুর

ইসলামী বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ইসলামী বিশ্ববিদ্যালয়ে মুসলিম দর্শন, ফেকাহ ও তুলনামূলক ধর্মতত্ত্ব বিভাগ খোলার সিদ্ধান্ত বাতিল এবং বর্তমান ভিসির পদত্যাগের দাবীতে ছাত্রলীগ (শা-পা) গত বৃহস্পতিবার ভিসি অফিস ভাঙচুর করে লক্ষাধিক টাকার সম্পদ বিনষ্ট করেছে এবং ভিসি অফিসে তালা ঝুলিয়ে দিয়েছে। ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে ছাত্রলীগের মিছিলটি প্রশাসনিক ভবনে পৌঁছলে ছাত্রলীগের সন্ত্রাসীরা ভিসি অফিসের অভ্যর্থনা কক্ষে চড়াও হয়ে চেয়ার-টেবিল, ২টি টেলিফোন সেট, সোফা সেটসহ যাবতীয় আসবাবপত্র এবং জানালা-দরজা ভাঙচুর করে। পরে ছাত্রলীগ নেতা-কর্মীরা প্রশাসনিক ভবনে বিভিন্ন কক্ষে প্রবেশ করে কর্মকর্তা-কর্মচারীদের হুমকি দেয়। এ সময় তাদের হাতে মোঃ আইনাল হক, মোঃ লিয়াকত আলী ও জেবুন নেছাসহ ৬/৭ জন কর্মচারী আহত হয়। কর্মকর্তা-কর্মচারীরা প্রাণভয়ে এদিক ওদিক ছুটতে থাকে। এ সময় ভাইস চ্যান্সেলর প্রফেসর মোঃ ইনাম উল হক কুষ্টিয়াস্থ অস্থায়ী অফিসে অবস্থান করছিলেন।

এদিকে ছাত্রলীগের চাপের মুখে ভিসি নির্বাহী আদেশ বলে ফেকাহ ও তুলনামূলক ধর্মতত্ত্ব বিভাগ চালুর সিদ্ধান্ত স্থগিত করেছেন। নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে, আগামী ২৯ জুন অনুষ্ঠিতব্য সিন্ডিকেট দলীয় কোটা প্রবর্তন, বিভিন্ন পদে নিয়োগকৃত দলীয় ব্যক্তিদের চাকুরী স্থায়ীকরণ, খেলোয়াড় কোটায় ৫ জন দলীয় ছাত্র ভর্তিসহ দলীয় দাবী-দাওয়া মেনে নেয়ার জন্য প্রশাসনের উপর চাপ সৃষ্টির কৌশল হিসেবে এসব বিষয়কে ইস্যু করে ছাত্রলীগ আন্দোলন করছে।